

জ. মননকুমার মণ্ডল বর্তমানে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের এর এসোসিয়েট প্রফেসর। প্রেসিডেন্সি কলেজ থেকে সাম্মানিক বাংলায় স্নাতক ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর। ইউ জি সি-নেট ও জহরলাল নেহেরু মেমোরিয়াল ফান্ড, নয়াদিল্লি-র (২০০৫) স্কলারশিপসহ ডক্টরেট ডিগ্রি লাভ কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৬ সালে। গবেষণার বিষয় আধুনিক বাংলা কথাসাহিত্য। পূর্ব মেদিনীপুরের তাম্রলিপ্ত কলেজে লেকচারার পদে যোগদান ২০০১ সালে; পরবর্তীতে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস-এ যোগদান; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অতিথি অধ্যাপক। লেখেন মূলত বাংলায়; গবেষণার ও আগ্রহের বিষয়: *বাংলা কথাসাহিত্য*, *পার্টিশান সাহিত্য*, *আধুনিক ভারতীয় সাহিত্য*। প্রকাশিত গ্রন্থ: *আধুনিক বাংলা উপন্যাস ব্যাপ্তি ও সমৃদ্ধি* (এবং মুশায়রা, ২০১৩), সম্পাদিত গ্রন্থ : *আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে* (প্রথম খণ্ড), *পার্টিশান সাহিত্য দেশ-কাল-স্মৃতি* (গাংচিল, ২০১৪) বর্তমানে NSOU-UGC-DEB'র অর্থানুকূল্যে পরিচালিত “বাংলা ভাষায় ভারতীয় সাহিত্য পাঠ প্রকল্প” - এর মুখ্য কোর্ডিনেটর।
ই-মেল mkmnsou@gmail.com




মূল্য: ২০০.০০



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
স্কুল অব হিউম্যানিটিস

আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে ২

আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে



আধুনিক ভারতীয় ভাষা ও সাহিত্যের চর্চা আজকের দিনে খুবই প্রাসঙ্গিক। ভারতবর্ষের বহুভাষিক চরিত্র এবং তার বহু ভাষায় রচিত সৃজনশীল সাহিত্যের প্রবণতাগুলির মাপজোক আজ বড় গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস বাংলা ভাষায় ভারতীয় সাহিত্য পাঠ-বিষয়ক একটি প্রকল্প ২০১২ সালে গ্রহণ করে ইউ জি সি ডিস্ট্যান্স এডুকেশন ব্যুরোর অনুমোদনক্রমে ও অর্থানুকূল্যে। এই প্রকাশনা সেই প্রকল্পের দ্বিতীয় পর্যায়। এই গ্রন্থে ভারতীয় সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে চারটি মূল্যবান প্রবন্ধ সংকলিত হয়েছে। অন্যদিকে আধুনিক ভারতীয় সাহিত্যের বর্গীকরণের বাস্তবতা ও সমস্যা নিয়ে বিশিষ্টজনদের তিনটি মূল্যবান প্রবন্ধের ভাষান্তর স্থান পেয়েছে। অখণ্ড ভারতীয় চেতনার সমান্তরালে বহুভাষিক ভারতীয় সাহিত্যের স্বাধীন স্বকৃত বয়ানের বহু জায়গা পেয়েছে লেখাগুলিতে। ঐতিহাসিক প্রেক্ষিতে ভারতীয় ভাষাগুলির বিকাশ এবং তার সঙ্গে সঙ্গে সেগুলির সাহিত্য-সৃজনের লেখমালা কীভাবে আধুনিক ও অধুনাত্মিক ভারতীয় সাহিত্যের পরিচিতি তৈরি করেছে তার অনুসন্ধানই এ প্রকল্পের লক্ষ্য।